

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ১১ জুন ২০১৮।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : পরিবর্তিত নিয়োগ পদ্ধতি প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবস্থাপনার সিদ্ধান্ত মোতাবেক সংস্থায় কর্মী নির্বাচন প্রক্রিয়া নিম্নলিখিতভাবে সম্পন্ন করতে হবে।

১. প্রত্যেক নির্বাচন প্রক্রিয়ায় দুটি করে কমিটি থাকবে। যেমন-কমিটি-১ এবং কমিটি-২। প্রত্যেকটি কমিটি দুই বা তিন সদস্য বিশিষ্ট হবে। উভয় কমিটিতে একই ব্যক্তি থাকতে পারবেন না।


২. কমিটি-১ যে প্রক্রিয়াগুলো সম্পন্ন করবে তাহলোঃ

- ক. সকল অংশগ্রহণকারীকে নির্দিষ্ট স্থানে বসানো, কর্মী নির্বাচনী পরীক্ষা ছক-১ (জুন ২০১৮) পূরণ করা এবং অযোগ্যদের বাদ দেয়া।
- খ. সংস্থা, নির্দিষ্ট পদবী এবং সুযোগসুবিধা সম্পর্কে অংশগ্রহণকারীদেরকে প্রাথমিক ধারণা দেয়া।
- গ. কর্মী নির্বাচনী পরীক্ষা ছক-২ (জুন ২০১৮) অনুযায়ী এক পাতার জীবন বৃত্তান্ত সকল অংশগ্রহণকারী থেকে সংগ্রহ করা।
- ঘ. কর্মী নির্বাচনী পরীক্ষা ছক-৩ (জুন ২০১৮) অনুযায়ী প্রার্থীর উপস্থিতি স্বাক্ষর নেয়া।
- ঙ. প্রশ্নপত্র তৈরি করবে, যথারীতি কর্মী নির্বাচনী পরীক্ষা ছক-৪ (জুন ২০১৮) অনুযায়ী ৬০ নম্বরের উপর লিখিত পরীক্ষা নেয়া এবং উত্তরপত্র যাচাই করা।
- চ. লিখিত পরীক্ষায় যারা ২০ বা এর বেশী নম্বর পাবেন তাদেরকে নিয়ে মৌখিক পরীক্ষায় জন্য একটি প্রাথমিক তালিকা তৈরি করা।

৩. কমিটি-২ যে প্রক্রিয়াগুলো সম্পন্ন করবে তাহলোঃ

- ক. কর্মী নির্বাচনী পরীক্ষা ছক-৫ (জুন ২০১৮) অনুযায়ী মৌখিক পরীক্ষা নিতে হবে।
- খ. কমিটি-১ কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত অংশগ্রহণকারীদেরকে নিয়ে ৪-৬ জন করে একটি দল গঠন করা।
- গ. প্রত্যেক দলকে একটি করে উন্নয়নমূলক বিষয়ের উপর আলোচনা করতে দেয়া।
- ঘ. তাদের আলোচনার সময় নিম্নোক্ত বিষয়গুলো লক্ষ্য করতে হবেঃ
 - গ.১ বাচন ভংগি ও অভিব্যক্তি
 - গ.২ কথার মাধ্যমে অন্যকে উদ্বেষকরণ
 - গ.৩ যুক্তির মাধ্যমে অন্যকে সম্মত করানো
 - গ.৪ কঠম্বর
 - গ.৫ জ্ঞানের গভীরতা।
- ঙ. উপরোক্ত 'গ' এর ভিত্তিতে কর্মী নির্বাচনী পরীক্ষা ছক-৬ (জুন ২০১৮) অনুযায়ী সর্বনিম্ন-১ থেকে সর্বোচ্চ-৫ আলাদা আলাদাভাবে নম্বর দিতে হবে।
- চ. দুটি কমিটি পরবর্তীতে বসে কর্মী নির্বাচনী পরীক্ষা ছক-৭ (জুন ২০১৮) অনুযায়ী প্রাপ্ত নম্বর যোগ করে প্রাথমিক নির্বাচন চূড়ান্ত এবং স্বাক্ষর করা।
- ছ. প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকা নিয়ে নিয়োগ মাইনুটস তৈরি করে নির্বাহী পরিচালক থেকে অনুমোদন নিয়ে প্রাথমিকভাবে নির্বাচিতদের **Primary Selection Letter** প্রদান করা।

৪. সহঃসমন্বয়কারী থেকে উপরের পদের জন্য নিয়োগ কমিটিসমূহ নির্বাহী পরিচালকের সাথে আলোচনা সাপেক্ষে পরিচালক গঠন করে দেবেন এবং অন্যান্য পদের জন্য নিয়োগ কমিটিসমূহ পরিচালকের সাথে আলোচনা করে সহকারী পরিচালক-এইচআরএম কমিটি গঠন করে দেবেন।


11.06.2018

৫. যারা নিয়োগ কমিটিতে থাকবেন পরীক্ষা অনুষ্ঠানের দিন পরিচালক এবং নির্বাহী পরিচালকের ফোন ছাড়া সংস্থার ভিতরে বা বাইরের কারো ফোন কল ধরতে পারবেন না।
৬. প্রকল্পের ক্ষেত্রে জাতীয় বা স্থানীয় বা অনলাইন বিজ্ঞপ্তি বা সংস্থার ভিতরে সার্কুলার দিয়ে পরীক্ষার মাধ্যমেও সংশ্লিষ্ট পদ/পদসমূহ পূরণ করা যাবে। সহকারী পরিচালক-এইচআরএম এর সার্কুলারের ভিত্তিতে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা যাবে। এখানে একটি কমিটিই সকল প্রক্রিয়া সম্পন্ন করবে।
৭. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর করা হবে এবং আগামী ২৫ জুন ২০১৮ তারিখ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে এবং পরবর্তীতে তা যথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে। পরবর্তীতে এ সার্কুলারের সকল অংশ মানব সম্পদ নীতিমালার অন্তর্ভুক্ত হবে।
৮. অত্র সার্কুলারের সাথে কেউ দ্বিমত পোষণ করলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যেকোন মাধ্যমে আগামী ২৫ জুন ২০১৮ তারিখের মধ্যে যে কোন মাধ্যমে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক 11.06.2018

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস ফাইল।